



জেলা পরিষদ, নোয়াখালী

জেলা পরিষদ ভবন, সোনাপুর, নোয়াখালী, ফোন- ০২-৩৩৪৪৩৩৬৬০, web:www.zpnoakhali.org

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর- ৪৬.৪২.৭৫০০.২০১.০৭.০০২.১৪-৭১

০২ ফাল্গুন, ১৪২৯
১৫ ফেব্রুয়ারী, ২০২৩

এককালীন শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ অর্থবছরে নোয়াখালী জেলার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২১ সনে এস,এস,সি/দাখিল এবং এইচ,এস,সি/আলিম অথবা সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রয়েছে তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নোয়াখালী জেলা পরিষদের নিজস্ব তহবিল হতে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের নিমিত্ত নোয়াখালী জেলা পরিষদের নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

- ১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। যে সকল ছাত্র/ছাত্রীদের অভিভাবকের বার্ষিক আয় ৩,০০,০০০/= (তিন লক্ষ) টাকার নীচে শুধুমাত্র তারাই আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
- ৩। ২০২১ সনে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীর নিম্নবর্ণিত জিপিএ থাকতে হবে


পরীক্ষার নাম	বিভাগ		
	বিজ্ঞান	মানবিক	বাণিজ্য
এস.এস.সি	৫.০০	৪.৭৫	৪.৭৫
এইচ.এস.সি	৫.০০	৪.৭৫	৪.৭৫

- ৪। মুক্তিযোদ্ধা পোষ্য ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞান বিভাগে জিপিএ-৪.৫০ এবং মানবিক/বাণিজ্য বিভাগে জিপিএ-৪.০০ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্য প্রমাণের জন্য কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার অনুকূলে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৫। আগামী ৩১-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন (ক) জেলা পরিষদ, নোয়াখালী কার্যালয়, (খ) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী, (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), নোয়াখালী হতে বিনামূল্যে অথবা জেলা পরিষদের ওয়েব সাইট www.zpnoakhali.org/www.zp.noakhali.gov.bd হতে ডাউনলোড করে বৃত্তির আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- ৬। আবেদনকারীকে স্বহস্তে আবেদন ফরম পূরণ করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে অবশ্যই নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে :
 - ক) এস,এস,সি/দাখিল এবং এইচ,এস,সি/আলিম অথবা সমমানের পরীক্ষার ক্ষেত্রে সনদপত্র এবং মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
 - খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/অধ্যয়নরত প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
 - গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
 - ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/অফিস প্রধান (চাকুরীজীবীদের ক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয়ের সনদপত্র।
- ৮। বৃত্তির আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ আগামী ৩১-০৩-২০২৩ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন নোয়াখালী জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৯। কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


১৫/০২/২০২৩

মোহাম্মদ শফিউল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নোয়াখালী
ফোন- ০২-৩৩৪৪৩৩৬৬০

e-mail: ceozpnoakhali@gmail.com


১৫/০২/২০২৩